BASMAH Foundation

# বাসমাহ বুলেটিন

জীবন আলোকিত করো, বদলে দাও পৃথিবী...

ফেব্রুয়ারি-২০২০

BASMAH BULLETIN
February-2020



## বাসমাহর উদ্যোগে দেশের বিভিন্ন অঞ্চলে ৫টি নতুন স্কুল উদ্বোধন

শিক্ষাই জাতির মেরুদণ্ড, শিক্ষাগুণে একজন মানুষ হতে পারে অনেক সম্মানিত এবং সম্ভ্রান্ত। শিক্ষার আলোয় আলোকিত একজন মানুষ আলো জ্বালাতে পারে অপরাধির অন্ধকার হৃদয়ে, সমাজে এবং রাষ্ট্রে। শিক্ষাকে বলা হয় সকল মৌলিক অধিকারের ভিত্তি। তাই শিক্ষাকে কোনভাবেই খাটো করে দেখার সুযোগ নাই।

এই সুস্পষ্ট বাস্তবতাকে উপলব্ধি করেই বাসমাহ ফাউন্ডেশন হাতে নিয়েছে বিনামূল্যে শিক্ষাদান কর্মসূচির প্রকল্প। আলহামদুলিল্লাহ রোহিঙ্গা শরণার্থী শিবিরে সফলভাবে এই কর্মসূচি পরিচালনা করে আসছে বাসমাহ ফাউন্ডেশন। তারই ধারাবাহিকতায় এবার দেশের অন্যান্য দারিদ্র্য পীড়িত অঞ্চলে ১০টি শিশু শিক্ষাকেন্দ্র খোলার ঘোষণা করেছিলো বাসমাহ। আলহামদুলিল্লাহ ইতোমধ্যে ৫টি শিক্ষাকেন্দ্র উদ্বোধনের পর আনুষ্ঠানিকভাবে শিক্ষা কার্যক্রম চলমান রয়েছে। স্কুলগুলো প্রতিষ্ঠিত হয়েছে সোনারগাঁও নাঙ্গলবন্দের বেদেপল্লী, লালমনিরহাটের তুষভান্ডার, সিরাজগঞ্জের বহুলী, নওগাঁর মিরাট এবং ময়মনসিংহের বাড়েরায়। এসব শিক্ষাকেন্দ্রের ঘরভাড়া, শিক্ষক বেতন, শিক্ষা উপকরণ, ইউনিফর্ম সহ যাবতীয় খরচ বহন করছে বাসমাহ ফাউন্ডেশন। অর্থ সহায়তা করেছে আমেরিকান দাতা সংস্থা মীর ফাউন্ডেশন। ৫টি শিক্ষাকেন্দ্রে বর্তমান প্রায় ২৩৫ জন শিক্ষার্থী পড়াশোনা করছে। অবহেলিত ও সুবিধাবঞ্চিত এসব শিশু শিক্ষার আলোতে আলোকিত হয়ে সমাজে আলো ছড়াবে এটাই বাসমাহর প্রত্যাশা।



## জামতলিতে ২১০০ শীতবস্ত্র বিতরণ



আলহামদুলিল্লাহ, গত ২৮ জানুয়ারি কক্সবাজারের উখিয়া থানাধীন জামতলি (১৫ নম্বর ক্যাম্প) রোহিঙ্গা শরণার্থী শিবিরে শীতার্ত মানুষের মাঝে ২১০০ শীতবস্ত্র (কম্বল, গায়ের চাদর, সোয়েটার) বিতরণ করেছে বাসমাহ ফাউন্ডেশন। প্রচণ্ড এই শীতের সময়ে বাসমাহ'র পক্ষ থেকে উষ্ণ পোশাক ও কম্বল পেয়ে শীতার্ত মানুষজন আনন্দ প্রকাশ করেছে। ক্যাম্প ইন চার্জ কাজী ফারুক আহমেদ এর উপস্থিতিতে শীতবস্ত্র বিতরণকালে বাসমাহ প্রতিনিধি হিসেবে উপস্থিত ছিলেন প্রজেক্ট ম্যানেজার জাহাঙ্গীর আলম, মেহেদী হাসান, শিরিন আক্তার ও মুহাম্মাদ আজিজ রহমান সহ অন্যান্য কর্মকর্তাবৃন্দ। অনুষ্ঠান সুচারু রুপে সম্পাদনার ক্ষেত্রে RRRC কর্মকর্তাবৃন্দ সর্বাত্মক সহযোগীতা করেছেন।



উপদেষ্টা: মীর সাখাওয়াত হোসাইন
সম্পাদক: আবু মুহাম্মাদ জুনাইদ

অর্থ সহযোগীতায় Basmah

ব্যবস্থাপনায় BASMAH Foundation

BASMAH Foundation

# বাসমাহ বুলেটিন

জীবন আলোকিত করো, বদলে দাও পৃথিবী...

ফেব্রুয়ারি-২০২০

BASMAH BULLETIN
February-2020

## লাঙ্গলবন্দ বেদেপল্লীতে বাসমাহ স্কুল উদ্বোধন এবং শীতবস্ত্র বিতরণ







নারায়ণগঞ্জ জেলার নাঙ্গলবন্দে ব্রহ্মপুত্র নদী তীরে গড়ে উঠেছে বেদে পল্লী।

এখানকার বাসিন্দারা একটা সময় নৌকায় বসবাস করলেও এখন নদীর তীর ঘেঁসে রাস্তার ধারে বাস করছে। তবে সমাজ-সভ্যতা অনেকদূর এগিয়ে গেলেও উন্নতির ছোঁয়া লাগেনি তাদের জীবনযাত্রায়। তাদের জীবন যাপন খুব নিম্নমানের।

প্লাস্টিকের ছাউনি দিয়ে ছোট্ট খুপরি ঘর বানিয়ে তাতেই তারা দিন শেষে গা এলিয়ে দেয়। পল্লীতে বড়দের চেয়ে শিশুদের সংখ্যাই বেশী। এই শীতে পর্যাপ্ত উষ্ণ পোশাকও নেই অনেকের। বাসমাহ ফাউন্ডেশন এখানকার সুবিধাবঞ্চিত শিশুদের মাঝে শিক্ষার আলো ছড়াতে একটি স্কুল প্রতিষ্ঠা করেছে।

শিক্ষার্থীদের মাঝে গত ২১শে জানুয়ারি নতুন বই এবং শীতবস্ত্র সোয়েটার বিতরণ করা হয়েছে। বাচ্চাদের চোখেমুখে হাসি যেন আর ধরে না!

এভাবেই দুস্থ ও অবহেলিত মানুষের পাশে দাঁড়াতে চায় বাসমাহ ফাউন্ডেশন।

## একনজরে শীতবস্ত্র বিতরণ প্রকল্প ২০১৯-২০

রোহিঙ্গা শরণার্থী শিবির এবং দেশের প্রতিটি বিভাগের দারিদ্র্য-পীড়িত এলাকা সমূহে অসহায় ও অভাবী শীতার্তদের মাঝে শীতবস্ত্র (কম্বল, সোয়েটার, চাদর) বিতরণ করা হয়েছে।









BASMAH Foundation

বাসমাহ বুলেটিন
জীবন আলোকিত করো, বদলে দাও পৃথিবী...
ফেব্রুয়ারি-২০২০

BASMAH BULLETIN
February-2020

# Women's Safety
## প্রোগ্রামে ফ্রি স্যানিটারি ন্যাপকিন বিতরণ

পৃথিবীতে যত সভ্যতা গড়ে উঠেছে, এর পেছনে পুরুষের অবদান যেমন আছে তেমনই আছে নারীরও। নারী সমাজের অর্ধাংশ। নারী অলঙ্কার। পৃথিবীতে যত মনীষী-মনীষা অতিবাহিত হয়েছে তারা সবাই কোনো না কোনো মায়ের সন্তান।

নারী মায়ের দৃশ্যপটে মমতার আধার। বোনের দৃশ্যপটে অকৃত্রিম হৃদ্যতার মূর্ত প্রতীক। সহধর্মিণীর দৃশ্যপটে উৎসাহ উদ্দীপনার এক নিরাপদ আশ্রয়...

কিন্তু দুঃখজনক বাস্তবতা হলো এদেশের বহু নারী তাদের মাতৃ সুরক্ষার ন্যূনতম প্রয়োজনগুলো পুরণ করতেও অক্ষম। আবার সক্ষমতা থাকা সত্ত্বেও অনেকের মাঝে দেখা যায় ঋতুকালীন স্বাস্থ্য সচেতনতার অভাব।

তাই বাসমাহ ফাউন্ডেশন দেশের সুবিধাবঞ্চিত নারী এবং বয়সন্ধিকালীন শিক্ষার্থীদের মাঝে ফ্রি স্যানিটারি ন্যাপকিন বিতরণের উদ্যোগ গ্রহণ করেছে,

সেই প্রেক্ষিতে গত জানুয়ারী মাসের ১৬ তারিখে সোনারগাঁও জিআর ইনস্টিটিউশন স্কুলে সচেতনামূলক সেমিনার ও ফ্রি স্যানিটারি ন্যাপকিন বিতরণ কর্মসূচি পালিত হয়।

এতে উপস্থিত ছিলেন সোনারগাঁও উপজেলা নির্বাহী অফিসার রকিবুর রহমান খান সহ স্কুলের অধ্যক্ষ ও অন্যান্য অধ্যাপক বৃন্দ। বাসমাহ ফাউন্ডেশনের ব্যবস্থাপনায় আয়োজিত এই কর্মসূচিতে বাসমাহ প্রতিনিধি হিসেবে উপস্থিত ছিলেন তুহিন মাহমুদ, আশাবুদ্দীন সহ অন্যান্য কর্মকর্তাবৃন্দ।



# ঢাবি শিক্ষার্থীদের অংশগ্রহণে ছিন্নমূল ও অসহায় মানুষের মাঝে শীতবস্ত্র বিতরণ




ব্যস্ত নগরী ঢাকা। তবে শত ব্যস্ততার মাঝেও সন্ধ্যা রাত থেকে শুরু হয় মানুষের ঘরে ফেরার তাগিদ।

রাত বাড়ে, ক্রমান্বয়ে নেমে আসে নিরবতা।

তীব্র হয় হীম শিতল কুয়াশার হানা।

সামর্থ্যবান মানুষজন ঘরে ফিরে ওম জড়ানো কম্বলে নিজেকে আচ্ছাদিত করতে পারে, বাঁচতে পারে হাড় কাঁপানো শীতের প্রকোপ থেকে।

কিন্তু ছিন্নমূল ও অসহায় ফুটপাতবাসীদের রাতগুলো কাটে শীতে জরাজীর্ণ হয়ে, নির্ঘুম থেকে। ফুটপাতে বা খোলা আকাশের নিচে শীতবস্ত্রের অভাবে ঠক ঠক করে কাঁপে আমাদের মতই রক্ত মাংসে গড়া বহু বনি আদম।

এমন সব অভাবী, দুস্থ ও দূর্ভোগী মানুষের পাশে দাঁড়াতে নিরলসভাবে কাজ করে যাচ্ছে বাসমাহ ফাউন্ডেশন।

আলহামদুলিল্লাহ, গত ৬ই জানুয়ারি ঢাকা বিশ্ববিদ্যা-লয়ের শিক্ষার্থীদের একটি স্বেচ্ছাসেবী সংস্থা "Street Lamp" এর আয়োজন বাসমাহ ফাউন্ডেশনের ব্যবস্থাপনা ও Basmah USA এর অর্থায়নে ২৫০জন ছিন্নমূল ও অসহায় মানুষের মাঝে শীতবস্ত্র সোয়েটার এবং কম্বল বিতরণ করা হয়েছে।

ভালো থাকুক প্রতিটি মানুষ, সুরক্ষিত থাকুক শীতের রুক্ষ আবহাওয়া থেকে...




## যোগাযোগ

Phone: +8801709-258625
basmahfoundation@gmail.com

fb.com/basmahfoundation
http://www.basmah-bd.org

সাদিপুর, বড়নগর, সোনারগাঁ,
নারায়ণগঞ্জ, বাংলাদেশ।